

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ঢাকা, ০৩ ডিসেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

বিশ্ব জলবায়ু সম্মেলন
এলডিসি গ্রুপের সমন্বয়ের দায়িত্বে বাংলাদেশ

বিশ্ব জলবায়ু সম্মেলনে স্বল্পোন্নত দেশসমূহের সমন্বয়ের দায়িত্ব দেয়া হয়েছে বাংলাদেশকে। এটিকে একটি বিশেষ স্বীকৃতি হিসেবে অভিহিত করেছেন পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব মোঃ নজিবুর রহমান। সম্মেলনের ২য় দিনে বাংলাদেশ প্রতিনিধিদল জলবায়ু কূটনীতির আওতায় সৃষ্ট বিভিন্ন তহবিল থেকে কিভাবে সর্বাধিক লাভবান হওয়া যায় তার দিকে নজর দিয়েছেন। তৃতীয় কোনো পক্ষ ছাড়াই যাতে উন্নয়নশীল দেশসমূহ সহজে ও সরাসরি এসব তহবিলের সুফল লাভ করতে পারে সে লক্ষ্যে অনুসরণীয় পদ্ধতি উদ্ভাবনের জন্য বাংলাদেশের পক্ষ থেকে প্রস্তাব করা হয়েছে যা অন্যান্য দেশ দ্বারা সমর্থিত হয়েছে।

বাংলাদেশ কর্তৃক প্রণীত জেভার কর্মপরিকল্পনা সম্মেলনে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। এ ছাড়া জেভার বিষয়ক অধিবেশনে মালয়ই কর্তৃক প্রণীত কনফারেন্স রুম পেপার এর খসড়া নিয়ে আলোচনা হয়েছে। সিএমপিতে বাংলাদেশ কর্তৃক উত্থাপিত প্রস্তাব সেনেগাল সমর্থন করেছে।

লস ও ডেমেজ আলোচনায় কাঠামো ও কর্মকান্ড নির্ধারণ করার প্রক্রিয়া চলছে। দিনের শেষে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিবের আহ্বানে সিভিল সোসাইটি এনজিও ও মিডিয়ার প্রতিনিধিবৃন্দ বাংলাদেশ প্রতিনিধিদলের সমন্বয় সভায় অংশগ্রহণ করেন। তারা নিয়মিতভাবে এ জাতীয় সভা আহ্বানের অনুরোধ জানিয়ে বলেন এর মাধ্যমে সরকারী ও বেসরকারী প্রতিনিধিদের সমন্বিত প্রচেষ্টায় চলমান নেগোসিয়েশনে রাখা সম্ভব হবে। এছাড়া অভিযোজনের পাশাপাশি প্রশমনেও নেতৃত্ব দেয়ার সুযোগ রয়েছে।

বাংলাদেশের উপস্থিতি আরো দৃশ্যমান করা বাংলাদেশের স্বার্থকে আরো কার্যকর ও বেগবান করার লক্ষ্যে আগামীকাল বুধবার ৩ ডিসেম্বর বিকাল ৬ টায় বাংলাদেশ থেকে আসা সরকারী ও বেসরকারী প্রতিনিধি নিয়ে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। সভায় সকলকে উপস্থিত থেকে সুচিন্তিত মতামত প্রদানের আহ্বান জানিয়েছেন পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব মোঃ নজিবুর রহমান।

মোস্তফা কামাল পাশা
সিনিয়র তথ্য অফিসার
ফোন : ০১৮১২২৮৫০৫৬